জার্নালে গবেষণাকর্ম প্রকাশনার জন্য

প্রকাশনা ব্যয়/অনুদান (Publicaiton grant) and প্রকাশনা সম্মানী (Publication honorarium)

নিয়মকানুন ও শর্তাবলী

৬.০। জার্নাল/গবেষনা প্রকাশনার জন্য প্রকাশনা ব্যয়/অনুদান (Publicaiton grant) প্রদান

অত্র বিশ্ববিদ্যালয়ের যে কোন শিক্ষক অথবা প্রকল্প বাস্তবায়নকারী পরিচালকগণকে তাদের গবেষণায় দক্ষতা বৃদ্ধি ও অনুপ্রাণিত করার জন্য যেকোন পিয়ার-রিভিউড (Peer-reviewed: SJR (Scimago Journal Ranking) indexing or ISI indexing) জার্নালে প্রকাশনার জন্য প্রয়োজনীয় প্রকাশনা ব্যয়/অনুদান (Publication grant) প্রদান করা হবে। উল্লেখ্য যে, পিয়ার-রিভিউড জার্নাল নির্ধারণের ক্ষেত্রে "গবেষণা মূল্যায়ন কমিটি"-এর সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে। "গবেষণা মূল্যায়ন কমিটি"র সিদ্ধান্ত মোতাবেক ও মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে উক্ত পরিচালক/শিক্ষকগনকে এই প্রকাশনা ব্যয়/অনুদান (Publication grant) প্রদান করতে পারবেন। প্রতিটি প্রকাশনা ব্যয়ের/অনুদানের পরিমান কত হবে তা জার্নালের মান (SJR (Scimago Journal Ranking) indexing or ISI indexing) **অনুযায়ী** গবেষণা মূল্যায়ন কমিটি নির্ধারণ করবেন। উল্লেখ্য যে, একজন শিক্ষক/প্রকল্প বাস্তবায়নকারী পরিচালকগণকে এক অর্থবছরে ০১(এক) টি জার্নালে প্রকাশনার জন্য প্রয়োজনীয় প্রকাশনা ব্যয়/অনুদান (Publication grant) সর্বোচ্চ ৩০ (ত্রিশ) হাজার টাকা প্রদান করা যেতে পারে। এ ব্যাপারে "গবেষণা মূল্যায়ন কমিটি"এর সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

৬.১। প্রকাশনা ব্যয়/অনুদান (Publication grant)-এর আবেদনের শর্তাবলী ও নিয়মাবলী

(ক) অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ অবশ্যই পিয়ার-রিভিউড (Peer-reviewed: SJR (Scimago Journal Ranking) indexing or ISI indexing) জার্নালে প্রকাশনা ফি প্রদানের কমপক্ষে ০১(এক) মাস পূর্বে এই প্রকাশনা ব্যয়ের/অনুদানের জন্য নির্ধারিত ফরমে (**সংযুক্তি-০৫**) আবেদন করবেন।

(খ) শিক্ষকগণকে জার্নালে-এ প্রকাশিত গবেষণাকর্ম অবশ্যই অত্র বিশ্ববিদ্যালয়ে সম্পন্ন করতে হবে।

(গ) প্রতি প্রকাশনার জন্য যেকোন ০১ (এক) জন লেখক (অথার) অন্যান্য সকল লেখক (অথার)-দের সম্মতিক্রমে আবেদন করতে পারবেন।

(ঘ) অন্যান্য সকল লেখক (অথার)-দের সম্মতিপত্র আবেদনপত্রের সহিত সংযুক্ত করতে হবে।

(ঙ) প্রকাশনাটি যদি কোন প্রকল্পের আওতাধীন হয় তবে প্রকাশনা ব্যয়ের/অনুদানের জন্য প্রকল্প পরিচালকগণের আবেদনকে অগ্রাধিকার দেয়া হবে।

(চ) শিক্ষকগণ শুধুমাত্র এই প্রকাশনা ব্যয়ের/অনুদানের অর্থ জার্নালে প্রকাশনা ফি-এর জন্য ব্যয় করতে পারবেন।

(ছ) শিক্ষকগণ অবশ্যই বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদনপত্র পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) দপ্তরে প্রেরণ করবেন।

(জ) একই জার্নালে প্রকাশনার জন্য অন্য কোন ইনষ্টিটিউট/প্রতিষ্ঠান-এ প্রকাশনা ব্যয়ের/অনুদানের জন্য আবেদন করা যাবে না।

(ঝ) একটি প্রকাশনার জন্য এক অর্থবছরে শুধুমাত্র একজন শিক্ষক (লেখক) একবার প্রকাশনা ব্যয়ের/অনুদানের অর্থ গ্রহণ করতে পারবেন।

(ঞ) শিক্ষকগণকে অবশ্যই জার্নাল প্রকাশনায় অত্র বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা ব্যবহার করতে হবে। অন্য কোন বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা ব্যবহার করলে এই প্রকাশনা ব্যয়ের/অনুদানের জন্য আবেদন করতে পারবেন না।

(ট) পিয়ার-রিভিউড জার্নালে প্রকাশনার পর পূর্বোনুমতিপ্রাপ্ত শিক্ষকগণকে ব্যয়িত প্রকাশনা ফি-এর কপি বিভাগীয় প্রধানের সুপারিশক্রমে পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) দপ্তরে প্রেরণ করতে হবে।

৭.০। জার্নাল প্রকাশনার জন্য শিক্ষকগণকে প্রকাশনা সম্মানী (Publication honorarium) প্রদান

অত্র বিশ্ববিদ্যালয়ের যেকোন শিক্ষক অথবা প্রকল্প বাস্তবায়নকারী পরিচালকগণকে তাদের গবেষণায় দক্ষতা ও উৎসাহ বৃদ্ধির জন্য তাদের গবেষণা কর্ম যেকোন পিয়ার-রিভিউড (Peer-reviewed: SJR (Scimago Journal Ranking) indexing or ISI indexing ও RUET) জার্নালে প্রকাশিত হলে প্রতি অর্থবছরে প্রকাশনার মান ও সংখ্যা অনুযায়ী প্রকাশনা সম্মানী (Publication honorarium) প্রদান করা হবে। এ ব্যাপারে "গবেষণা মূল্যায়ন কমিটি"-এর সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

নিম্নোক্ত ছক আকারে প্রকাশনা সম্মানীর (Publication honorarium)-এর বিষয়াদি উল্লেখ করা হলো ঃ

আবেদনকারী	আবেদনের সময়	প্রতিটি প্রকাশনা সম্মানীর পরিমান/হার (টাকা)	
		জার্নালের ধরন ও সম্মানী হার	**লেখক (অথার) ক্রম অনুযায়ী সম্মানী হার**
যে কোন শিক্ষক/প্রকল্প পরিচালক	জুন মাসের ১ম সপ্তাহে	Q1- জার্নাল ঃ ৫০০০/- (পাঁচ হাজার)	প্রতি প্রকাশনা (Publication) এর জন্য শুধুমাত্র একজন লেখক (শিক্ষক) আবেদন করতে পারবেন।
		Q2- জার্নাল ঃ ৪০০০/- (চার হাজার)	
		Q3-জার্নাল ঃ ৩০০০/- (তিন হাজার)	
		অন্যান্য পিয়ার-রিভিউড (Peer-reviewed: SJR (Scimago Journal Ranking) indexing or ISI indexing ও RUET) জার্নাল ঃ ২০০০/- (দুই হাজার)	

৭.১। আবেদনের শর্তাবলী ও নিয়মাবলী

(ক) প্রতিবছর জুলাই মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রকাশনা সম্মানী-এর জন্য নির্ধারিত ফরমে **(সংযুক্তি-০৬)** আবেদন করতে হবে।

(খ) শিক্ষকগণকে জার্নালে-এ প্রকাশিত গবেষণাকর্ম অবশ্যই অত্র বিশ্ববিদ্যালয়ে সম্পন্ন করতে হবে।

(গ) প্রতি প্রকাশনার জন্য যেকোন ০১ (এক) জন লেখক (অথার) অন্যান্য সকল লেখক (অথার)-দের সম্মতিক্রমে আবেদন করতে পারবেন।

(ঘ) অন্যান্য সকল লেখক (অথার)-দের সম্মতিপত্র আবেদনপত্রের সহিত সংযুক্ত করতে হবে।

(ঙ) প্রকাশনাটি যদি কোন প্রকল্পের আওতাধীন হয়, তবে প্রকাশনা সম্মানীর জন্য প্রকল্প পরিচালকগণের আবেদনকে অগ্রাধিকার দেয়া হবে।

(চ) যে অর্থবছরে শিক্ষকগণের গবেষণাকর্ম জার্নালে প্রকাশিত হবে, সেই অর্থবছ□□ জুন মাসে শিক্ষকগণ প্রকাশনা সম্মানীর জন্য আবেদন করতে পারবেন।

(ছ) শিক্ষকগণকে অবশ্যই জার্নাল প্রকাশনায় অত্র বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা ব্যবহার করতে হবে। শুধুমাত্র অন্য কোন বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা ব্যবহার করলে এই প্রকাশনা সম্মানীর জন্য আবেদন করতে পারবেন না।

(জ) জার্নাল প্রকাশনার সংখ্যা ও মান অনুযায়ী প্রকাশনা সম্মানী নির্ধারণ করা হবে। এ ব্যাপারে "গবেষণা মূল্যায়ন কমিটি"-এর সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

(ঝ) শিক্ষকগণকে অবশ্যই বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদনপত্র পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) দপ্তরে প্রেরণ করতে হবে।

৭.২। প্রকাশনা সম্মানী পাওয়ার ধাপসমূহ

১ম ধাপ: প্রতিবছর জুলাই মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রকাশনা সম্মানীর জন্য নির্ধারিত ফরমে (**সংযুক্তি-০৬**) আবেদন করতে পারবেন।

২য় ধাপ: আবেদনপত্রসমূহ প্রাপ্তির পর পরিচালক (গবেষনা ও সম্প্রসারণ)-কে "গবেষণা মূল্যায়ন কমিটি"-এর এক সভা আহবান করবেন।

৩য় ধাপ: সভায় "গবেষণা মূল্যায়ন কমিটি" প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে প্রকাশনা সম্মানী প্রাপ্ত গবেষকগণের তালিকার চূড়ান্ত অনুমোদন দেবেন। পরবর্তীতে পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) সিন্ডিকেটকে অবহিতকরণের জন্য উক্ত তালিকা প্রেরণ করবেন।

৪র্থ ধাপ: প্রতিবছর জুলাই মাসের ১ম (প্রথম) সপ্তাহে পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) সংশ্লিষ্ট শিক্ষকগণকে অনুষ্ঠানের মাধ্যমে প্রকাশনা সম্মানী প্রদান করবেন।